

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : মোঃ নাজিম উদ্দীন, সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ  
সভার সময় ও তারিখ: : দুপুর: ২.৩০ ঘটিকা, তারিখ ২১/০১/২০২৪ খ্রি.  
সভার স্থান : সাইলো অধীক্ষকের অফিস কক্ষ, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ  
উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : সংযুক্ত হাজিরা সীট

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে উপস্থিত সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি পালন ও নিরাপদ সামাজিক দুরত্ব নিশ্চিত করার বিষয়ে তাগিদ প্রদান করেন। সভার আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	সুশাসন প্রতিষ্ঠা	সভাপতি বলেন যে, “স্বচ্ছতা ও জবাবদিহিতা” অত্যন্ত গুরুত্বপূর্ণ নিয়ামক। প্রতিষ্ঠানের সকল কাজকর্মে বিষয়টি নিশ্চিত করা গেলে প্রতিষ্ঠানের সুবিধাজোগীদের নিকট আস্থার জায়গা সৃষ্টি হবে। প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সুস্বাস্থ্য নিশ্চিত করণে মশাবাহিত বিভিন্ন রোগ প্রতিরোধ করার জন্য আগাছা ও ঝোপঝাড় পরিষ্কার করার বিষয়ে আলোচনা করা হয়।	শাখা প্রধানগণকে স্বচ্ছতা ও জবাবদিহিতার পাশাপাশি স্ব-স্ব শাখা এবং অফিসের আশপাশ পরিষ্কারের বিষয়টি নিশ্চিত করবেন।	প্রশাসনিক কর্মকর্তা
২	সেবা প্রদান প্রতিশ্রুতি	উপস্থিত শ্রম ও হস্তার্পন ঠিকাদার উল্লেখ করেন যে, তাদের শ্রমিকদের কর্মপরিবেশ উন্নয়নের ক্ষেত্রে ব্যাগিং হাউজে কয়েকটি Exhaust Fan স্থাপন করে শ্রমিকদের কাজের স্বস্থি প্রদানের বিষয়ে সাইলো অধীক্ষকসহ সকল কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।	দ্রুত সময়ের মধ্যে ব্যাগিং হাউজের মেশিন ফ্লোরে ০২ টি Exhaust Fan স্থাপন করা হবে।	রক্ষণ প্রকৌশলী
৩	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা	অত্র সাইলোর ২০২৩-২০২৪ অর্থ বছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অংশীজনকে অবহিত করা হলে তারা অত্র সাইলোর সেবার বিষয়ে সন্তোষ প্রকাশ করেন।	সবাইকে সুন্দরভাবে কার্যসম্পাদন করার জন্য সজাগ থাকতে হবে।	প্রশাসনিক কর্মকর্তা
৪	তথ্য অধিকার কর্মপরিকল্পনা	নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে প্রকাশযোগ্য সকল তথ্যের তালিকা নারায়ণগঞ্জ সাইলোর ওয়েবসাইটে প্রকাশিত আছে। প্রকাশযোগ্য সকল তথ্য চাহিবা মাত্র নাগরিককে প্রদান করা হয়।	চাহিবা মাত্র তথ্য প্রদান করতে হবে।	তথ্য প্রদানকারী কর্মকর্তা

সভাপতি খাদ্য অধিদপ্তরের ভাবমূর্তি উজ্জল করতে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভায় উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০১/২০২৪

মোঃ নাজিম উদ্দীন

সাইলো অধীক্ষক

ফোনঃ ০২-৯৯৭৭৪৪৮০৯

ই-মেইল: silo.ngj@dgfood.gov.bd

২১/০১/২০২৪

তারিখ: ২১/০১/২০২৪ খ্রি.

স্মারক নং- ১৩.১০.০০০০.০০২.০৬.৮৬০.১৭-২৬৩(৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। মহাপরিচাক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা;  
০২। অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;  
০৩। রক্ষণ প্রকৌশলী, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ;  
০৪। সহকারী রক্ষণ প্রকৌশলী, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ;  
০৫। মেসার্স -----;  
০৬। দপ্তর কপি।

২১/০১/২০২৪

সাইলো অধীক্ষক

নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।

২১/০১/২০২৪